যায়যায়দিন

তারিখঃ ১০-০৫-২০২২ (পৃঃ ১০)




পটুয়াখালীতে বোরো ধানের ক্ষেত পরিদর্শন শেষে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন কৃষিমন্ত্রী ডক্টর আব্দুর রাজ্জাক -যাযাদি

# পতিত জমিকে চাষের আওতায় আনা হচ্ছে

## -কৃষিমন্ত্রী আব্দুর রাজ্জাক

■ স্বদেশ ডেস্ক

বরিশাল, পটুয়াখালী ও ভোলাসহ উপকূলের পতিত জমিকে চাষের আওতায় আনতে অগ্রাধিকার ভিত্তিতে কাজ চলছে বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ডক্টর আব্দুর রাজ্জাক।

সোমবার বরিশালের বাকেরগঞ্জ উপজেলার বাকেরকাঠি ও নন্দপাড়া গ্রামে পতিত জমিতে বোরো ধান আবাদের ফসল কর্তন ও মাঠ দিবসে কৃষিমন্ত্রী এ তথ্য জানান।

এ ছাড়া এদিন বিভিন্ন স্থানে ধান কর্তন ও মাঠ দিবস অনুষ্ঠিত হয়। প্রতিনিধিদের পাঠানো তথ্যে বিস্তারিত ডেস্ক রিপোর্ট-

## ধান কর্তন ও মাঠ দিবস

বাকেরগঞ্জ (বরিশাল) : সকাল ১১টায় উপজেলার রঙ্গশ্রী ইউনিয়নের নন্দপাড়া গ্রামে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের আয়োজনে বোরো ধান কাটা উৎসবপালিত হয়। কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব রুহুল আমিন তালুকদারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কৃষিমন্ত্রী কৃষিবিদ ডক্টর মো. আব্দুর রাজ্জাক এমপি। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মহাব্যবস্থাপক ডক্টর মো. শাহজাহান কবির, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ডক্টর মো. আলমগীর হোসেন, জেলা প্রশাসক জসিম উদ্দিন হায়দার, উপজেলা চেয়ারম্যান শামসুল আলম চুন্নু, ইউএনও মাধবী রায়, উপজেলা কৃষি কর্মকর্তা মুছা ইবনে সাইদ, রঙ্গশ্রী ইউপি চেয়ারম্যান বসির উদ্দিন সিকদার, কৃষক হারুন হাওলাদার প্রমুখ।

অনুষ্ঠানে এপিএ পুলের সদস্য হামিদুর রহমান, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ডক্টর দেবাশীষ সরকার, সহকারী কমিশনার ভূমি আবুজর মো. ইজাজুল হক, উপজেলা ভাইস-চেয়ারম্যান মিজানুর রহমান মিজান, অফিসার ইনচার্জ আলাউদ্দিন মিলন প্রমুখ উপস্থিত ছিলেন।

পটুয়াখালী : ঘূর্ণিঝড় অশনির প্রভাবে রোববার রাত থেকেই উপকূলীয় এলাকায় বৃষ্টিপাত অব্যাহত রয়েছে। এরই মধ্যে সোমবার দুপুরে পটুয়াখালী সফরে আসেন কৃষিমন্ত্রী ডক্টর আব্দুর রাজ্জাক। এ সময় তিনি পটুয়াখালী সদর উপজেলার বদরপুর এলাকার একটি মুগডালের খেত পরিদর্শন করেন এবং কালিকাপুর ইউনিয়নের একটি বোরো ধানের ক্ষেত পরিদর্শন করেন। এরপর তিনি সাংবাদিকদের প্রশ্নের জবাব দেন। ঘূর্ণিঝড় অশনির প্রস্তুতির বিষয়ে কৃষিমন্ত্রী ডক্টর আব্দুর রাজ্জাক বলেন, ঘূর্ণিঝড় 'অশনি' বিষয়ে সতর্ক থাকুন। যে সব জমির ধান ৮০ শতাংশ পেকে গেছে তা কেটে ফেলার জন্য বলা হয়েছে, এ ছাড়া যতটুকু সম্ভব মাঠের ফসল দ্রুত সংগ্রহ করার পাশাপাশি সবাইকে নিরাপদে থাকতে হবে।

তিনি আরও জানান, দুর্যোগের আগে এবং পরে কৃষকদের ক্ষয়ক্ষতি যাতে কমিয়ে আনা যায় সে জন্য আগে থেকেই কৃষি বিভাগ কাজ করছে এবং সে জন্য প্রয়োজনীয় দিকনির্দেশনা দেওয়া আছে।

বরিশাল-পটুয়াখালী মহাসড়কের পাশে বদরপুর বাজার সংলগ্ন মাঠে আয়োজিত কৃষক সমাবেশে প্রধান অতিথি হিসেবে কৃষিমন্ত্রী কৃষি সেক্টরে বর্তমান সরকারের বিভিন্ন অগ্রগতি ও সফলতার কথা তুলে ধরেন।

কৃষিমন্ত্রীর এই সফরে কৃষি মন্ত্রণালয়, কৃষি সম্প্রসারণ বিভাগ, ধান গবেষণা ইনস্টিটিউট, কৃষি গবেষণা ইনস্টিটিউট, পটুয়াখালী জেলা প্রশাসক, পুলিশ সুপারসহ জেলার রাজনৈতিক নেতারা উপস্থিত ছিলেন।

কালীগঞ্জ (ঝিনাইদহ) : ঝিনাইদহের কালীগঞ্জে হারভেস্টার দিয়ে বোরো ধান কর্তন উদ্বোধন করা হয়েছে। সোমবার সকালে উপজেলার ১নং সুন্দরপুর-দুর্গাপুর ইউনিয়নের সিন্দ আলাইপুর গ্রামের মাঠে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মনিরা বেগম। উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর সিদ্দিকি ঠাণ্ডু, কালীগঞ্জ ইউএনও সাদিয়া জেরিন, জেলা কৃষি প্রশিক্ষণ কর্মকর্তা বিজয় কৃষ্ণ হালদার, জেলা কৃষি প্রকৌশলী এনামহক হক, উপজেলা কৃষি অফিসার শিকদার মো. মোহায়মেন আক্তার প্রমুখ। জেলা কৃষি অধিদপ্তর উপ-পরিচালক আজগর আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী সভায় বক্তারা জানান, হারভেস্টার ব্যবহারে খরচ ও সময় কমে এবং উৎপাদন বাড়ে।

মান্দা (নওগাঁ) : নওগাঁর মান্দায় দুর্যোগপূর্ণ আবহাওয়ায় স্বেচ্ছাশ্রমে অসহায় কৃষকদের বোরো ধান কটার ব্যতিক্রমী উদ্যোগ গ্রহণ করেছেন ৭নং প্রসাদপুর ইউপি চেয়ারম্যান অধ্যক্ষ আব্দুল মতিন মণ্ডল। আজ মঙ্গলবার সকাল ৮টা থেকে বিকাল ৫ পর্যন্ত স্বেচ্ছাশ্রমে প্রসাদপুর ইউনিয়নের ৯টি ওয়ার্ডের কৃষকদের নয় বিঘা জমির বোরোধান কেটে দেওয়া হবে বলে জানিয়েছেন তিনি। স্বেচ্ছাশ্রমে ধান কেটে দেওয়ার লক্ষ্যে ইতোমধ্যে প্রসাদপুর ইউনিয়ন পরিষদ চত্বরে সোমবার সন্ধ্যায় এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। এতে ইউনিয়ন চেয়ারম্যান অধ্যক্ষ আব্দুল মতিন মণ্ডলের সভাপতিত্বে ইউপি সদস্য মেছের আলী শরীফ, বাচ্চু, ইসমাইল হোসেন বাচ্চু, নেকব্বর আলী, সাইফুল ইসলাম, হাবিল উদ্দিন, মোফাজ্জল হোসেন, মকবুল হোসেন, আলাউদ্দিন, সংরক্ষিত আসনের মহিলা ইউপি সদস্য রুব্বান, জুলেখা, মর্জিনা প্রমুখ উপস্থিত ছিলেন।

স্বেচ্ছাশ্রমে এ সবপ্রান্তিক পর্যায়ের কৃষকদের ধান কটার কাজে অংশ নেবেন ওই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, ইউপি সদস্য এবং গ্রাম পুলিশসহ প্রায় ১৫০ জন স্বেচ্ছাসেবক। এমন মহৎ উদ্যোগ গ্রহণ করায় ইউপি চেয়ারম্যানকে ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানিয়েছেন স্থানীয়রা।

আত্রাই (নওগাঁ) : নওগাঁর আত্রাইয়ে কম্বাইন হারভেস্টার মেশিন দিয়ে ধান কটা ও মাড়াইয়ের উদ্বোধন করেন উপজেলা চেয়ারম্যান এবাদুর রহমান এবাদ। সোমবার উপজেলার ভোঁপাড়া ইউনিয়নের কাশিয়াবাড়ি মাঠে ধান কটা কার্যক্রমের উদ্বোধনী

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ কেএম কাউছার হোসেন, উপ-সহকারী কৃষি কর্মকর্তা কেরামত আলী, শাহিনুল ইসলাম প্রমুখ। কলমাকান্দা (নেত্রকোনা) : নেত্রকোনার কলমাকান্দায় ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ নাজিরপুর এপির উদ্যোগে জিংক সমৃদ্ধ ব্রি-৮৪ জাতের ধান প্রদর্শনীর মাঠ দিবস সোমবার অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপসহকারী কৃষি অফিসার গোলাম নুর খান, এপি ম্যানেজার পরিতোষ রেমা ও প্রোগ্রাম অফিসার মৌরশী সীমা ঘাগ্রা। অনুষ্ঠানে জিংক সমৃদ্ধ ব্রি-৮৪ জাতের ধানের উপকারিতা এবং চাষাবাদ সম্প্রসারণের জন্য উপস্থিত কৃষকদের উদ্বুদ্ধ করা হয়।